

# বার্ষিক প্রতিবেদন

২০১৮-২০১৯



বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
বালিয়াপুকুর, রাজশাহী



## বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
 বালিয়াপুকুর, রাজশাহী  
 ফোন: ০৭২১-৭৭৫৮১৬  
 ফ্যাক্স: ০৭২১-৭৭৩৫৯২  
 ইমেইল: [dg@bsb.gov.bd](mailto:dg@bsb.gov.bd)  
 Web: [www.bsb.gov.bd](http://www.bsb.gov.bd)

### রেশম পরিচিতি:

রেশম একটি শ্রমঘন কৃষিভিত্তিক শিল্প। বাংলাদেশের ভৌগ-সামাজিক পরিবেশ এ শিল্পের উন্নয়নের জন্য অত্যন্ত উপযোগী। কৃষি ও শিল্প এ দু'টির সমন্বয়ে রেশম কার্যক্রম পরিচালিত হয়। তুঁতচাষ, রেশম পোকা পালন, রেশম গুটি উৎপাদন প্রভৃতি কাজ কৃষি পর্যায়ভুক্ত। পক্ষান্তরে রিলিং, শ্রোয়িং, টুইস্টিং, বয়ন তথা রেশম বস্ত্র তৈরী এবং রং ও ছাপা প্রভৃতি কাজ শিল্প পর্যায়ভুক্ত। রেশম চাষের তাৎপর্যপূর্ণ দিক হচ্ছে অত্যন্ত অল্পদিনে, কম পরিশ্রমে এ ফসল ঘরে তোলা যায়।

### বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচিতি:

১৯৭৪ সালে নাটোর উত্তরা গণভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাজশাহীর রেশম বস্ত্র দেখে চমৎকৃত হন এবং রেশম শিল্প বিকাশে স্বতন্ত্র একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠার অভিপ্রায় ব্যক্ত করেন। তারই ফসল হিসেবে পরবর্তীতে ঐতিহ্যবাহী রেশম শিল্পের ব্যাপক সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে ১৯৭৭ সালের ২৮ ডিসেম্বর বাংলাদেশ রেশম বোর্ড গঠিত হয়। চেয়ারম্যান ছিলেন বোর্ডের প্রধান নির্বাহী। আত্মকর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানোই ছিল এ সংস্থার অন্যতম প্রধান উদ্দেশ্য। বোর্ড সৃষ্টির পূর্বে এ শিল্পের সংগে জড়িত লোকসংখ্যা ছিল মাত্র ৩৫ হাজার। বর্তমানে দেশে এ শিল্পের সংগে জড়িত লোকসংখ্যা ৬.৫০ লক্ষ যার অধিকাংশই গ্রামীণ মহিলা।

১৯৪৭ সালের পর পূর্ব পাকিস্থানে রেশম কার্যক্রম শিল্প ও বাণিজ্য বিভাগের অধীনে ন্যাস্ত ছিল। ১৯৬১-৬২ সাল থেকে ১৯৭১ সালের পূর্ব পর্যন্ত রেশম কার্যক্রম ইপসিক এর নিয়ন্ত্রণে ছিল। ১৯৯৭ সালে কোম্পানি আইনে বাংলাদেশ সিঙ্ক ফাউন্ডেশন গঠন করা হয়। ২০০৩ সালে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটকে রেশম বোর্ডের আওতাভুক্ত করে স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসাবে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণে ন্যাস্ত করা হয়। পরবর্তীতে রেশম শিল্পের সমন্বিত উন্নয়নের লক্ষ্যে ২০১৩ সালে বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এবং বাংলাদেশ সিঙ্ক ফাউন্ডেশন ৩টি পৃথক সংস্থা একীভূত করে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠন করা হয়। পুনর্গঠিত রেশম উন্নয়ন বোর্ডের ১৪ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী। রেশম উন্নয়ন বোর্ডের প্রধান নির্বাহীর দায়িত্ব পালন করছেন সংস্থার মহাপরিচালক। বোর্ডের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য প্রধান ৪টি বিভাগ রয়েছে; যথাঃ প্রশাসন বিভাগ, অর্থ ও পরিকল্পনা বিভাগ, সম্প্রসারণ ও প্রেষণা বিভাগ এবং উৎপাদন ও বাজারজাতকরণ বিভাগ। এছাড়া গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটসহ বোর্ডের প্রকৌশল শাখা, এমআইএস সেল, নিরীক্ষা শাখা এবং জনসংযোগ শাখা রয়েছে। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং এর প্রধান কার্যালয় রাজশাহীতে অবস্থিত।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড একটি সেবামূলক প্রতিষ্ঠান। রেশম শিল্প বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী কৃষিভিত্তিক কুটির শিল্প। গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্র বিমোচন, গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, মহিলাদের ক্ষমতায়ন ও নিরাপত্তা বেষ্ঠনী সৃষ্টিসহ বেকারত্ব হ্রাস, গ্রামীণ মহিলাদেরকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করাসহ জাতীয় অর্থনীতিতে অবদান রাখার ক্ষেত্রে এ শিল্পের ভূমিকা অনস্বীকার্য। রেশম শিল্পের হারানো ঐতিহ্যকে ফিরিয়ে আনতে বর্তমান সরকার বদ্ধ পরিকর। সরকারের ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়ন ও রেশম শিল্পের উন্নয়নের লক্ষ্যে নবগঠিত বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কাজ করে যাচ্ছে।

### ঐতিহাসিক পটভূমিঃ

ইতিহাস পর্যালোচনায় দেখা যায় চীনে প্রথম রেশম আবিষ্কৃত হয়। সে কারণে চীনকে রেশমের জন্মভূমি বলা হয়। বিভিন্ন মতামতের ভিত্তিতে দেখা যায় ৪৫০০ বছর পূর্বে চীনের চানতং প্রদেশে রেশম প্রথম আবিষ্কৃত হয়।

সে সময় চীনের সম্রাট ছিলেন হোয়াংতি। কথিত আছে সম্রাটের ১৪ বছরের রাজকন্যা সিলিংসি একদিন ফলের বাগানে বসে চা পান করছিলেন। ঐ সময় গরম চা কাপে একটি রেশম গুটি এসে পড়ে। গুটিটি কাপ থেকে তোলার সময় তিনি লক্ষ্য করেন মাকড়সার জালের সূতার মত সূতা উঠে আসছে। এ ঘটনাকে দেবতার বর হিসেবে রাজ পরিবারে গ্রহণ করা হয়। এ আবিষ্কারের কাহিনী সতর্কতার সাথে রাজ সভায় গোপন রাখা হয়। প্রায় ৩০০০ বছর পর্যন্ত চীনে রেশম পোকা পালন একচেটিয়া ছিল। বাইরের জগৎ এ সম্পর্কে কোন তথ্য জানতে পারেনি। কথিত আছে, চীনের এক রাজকন্যার সংগে তিব্বতের খোতানের রাজপুত্রের বিয়ে হয়। এ সময় রাজকন্যা চুলের খোঁপার মধ্যে করে রেশম পোকের ডিম ও তুঁতের বীজ বহন করে আনেন।

খ্রীষ্টপূর্ব ১৪০ শতাব্দে ভারতবর্ষের হিমালয়ের পাদদেশে এর বিস্তৃতি ঘটে। পরবর্তীতে ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে রেশম চাষ ছড়িয়ে পড়ে। ভারতবর্ষ থেকে মধ্যপ্রাচ্যে রেশম চাষের বিস্তৃতি হয়।

প্রাচীনকালে আরব বণিকেরা চীন থেকে গ্রীস ও রোমান সাম্রাজ্যে "সিঙ্ক রোড" দিয়ে রেশম সামগ্রী রপ্তানী করতেন। বিশ্বের সবচেয়ে প্রাচীন ও দীর্ঘতম রাস্তা হচ্ছে "সিঙ্ক রোড"। এ সড়ক চীন থেকে গ্রীস ও রোম পর্যন্ত ১০ হাজার কিলোমিটার দীর্ঘ।

৫৫০ খ্রীষ্টাব্দে ইউরোপের দু'জন সন্ন্যাসী চীন থেকে রেশম উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে জ্ঞাত হন এবং দেশে ফিরে যাবার সময় তিনি রেশম ডিম ও তুঁতের বীজ নিয়ে কনস্টান্টিনোপলে যান। এভাবেই ইউরোপে রেশম চাষের গোড়া পত্তন হয়।

দ্বাদশ শতাব্দীতে ইটালীতে রেশম চাষ প্রতিষ্ঠিত হয়। সেখান থেকে ত্রয়োদশ শতাব্দীতে তা ধীরে ধীরে ফ্রান্স এবং স্পেনে বিস্তার লাভ করে। সর্ব পর্যায়ে রেশম প্রযুক্তি উদ্ভাবনে জাপান অগ্রগণ্য। জানা যায় ৪র্থ শতাব্দীতে গুপ্তভাবে জাপানে রেশম চাষ প্রযুক্তি পাচার হয়। ১৮৭২ সালের পূর্বে জাপানের প্রধান কুটির শিল্প ছিল রেশম কার্যক্রম। পরবর্তীতে শ্রমিক মূল্য বৃদ্ধি, আবাদী জমি হ্রাস এবং শিল্পায়নের ফলে জাপানে রেশম উৎপাদন ক্রমশঃ হ্রাস পেতে থাকে।

ষোড়শ ও সপ্তদশ শতাব্দীর মোঘল আমলে ভারতে প্রচুর রেশম উৎপাদিত হ'ত। নবাব আমলে তৎকালীন অবিভক্ত বাংলার রেশম উৎপাদনে যথেষ্ট উন্নতি হয়। বিংশ শতাব্দীর গোড়ার দিকে ১৯১৪ সালে রেশম উন্নয়নের জন্য আলাদা বিভাগ প্রতিষ্ঠা করা হয়। ১৯৩৪ সালে গঠিত হয় ট্যারিফ বোর্ড। এ শিল্প রক্ষায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণকল্পে ট্যারিফ বোর্ড সরকারের নিকট সুপারিশ প্রদান করে।

১৯৪৭ সালে দেশ বিভাগের পর তৎকালীন পূর্ব পাকিস্থানের (বর্তমান বাংলাদেশ) ভাগে দু'টি রেশম বীজাগার এবং কিছু বেসরকারী রেশম অধ্যুষিত এলাকা পড়ে। বীজাগার দু'টো বগুড়া ও মীরগঞ্জ (রাজশাহীতে) অবস্থিত। বেসরকারী রেশম উৎপাদন এলাকা ছিল ভোলাহাট(চাঁপাইনবাবগঞ্জ) ও মীরগঞ্জ। তবে ভোলাহাট থানায় সবচেয়ে বেশী রেশম চাষ করা হ'ত।



বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ নেটওয়ার্ক :

অফিস/স্থাপনার নাম	সংখ্যা	অবস্থান
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড প্রধান কার্যালয়	১	রাজশাহী।
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়	৫	রাজশাহী, রংপুর, ঢাকা, যশোর ও রাঙামাটি।
জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়	৭	ভোলাহাট, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, গাজীপুর, বগুড়া, কুমিল্লা, গোপালগঞ্জ।
রেশম বীজাগার পি৩, পি২, পি১	১১	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, ভোলাহাট, মীরগঞ্জ, ঈশ্বরদী, ঝিনাইদহ, বগুড়া, রংপুর, দিনাজপুর, কোনাবাড়ী এবং ময়নামতি।
তুঁতবাগান	৭	ব্রাহ্মনভিটা, ঠান্ডিরাম, সাদামহল, রত্নাই, সনকা, রেইচ্যা ও রুপসীপাড়া।
গ্রেনেজ	২	ময়মনসিংহ ও ভোলাহাট।
রেশম সম্প্রসারণ কেন্দ্র	৪০	বিভিন্ন জেলা ও উপজেলা সদরে অবস্থিত।
রেশম সম্প্রসারণ উপকেন্দ্র	১৬৪	বিভিন্ন ইউনিয়ন ও গ্রামে অবস্থিত।
চাকী রিয়ারিং সেন্টার	২৭	বিভিন্ন ইউনিয়ন ও গ্রামে অবস্থিত।
রেশম পল্লী	২৩	বিভিন্ন ইউনিয়ন ও গ্রামে অবস্থিত।
মিনিফিলেচার কেন্দ্র	১২	ভোলাহাট (চাঁপাইনবাবগঞ্জ), মীরগঞ্জ (রাজশাহী), দৌলতপুর (কুষ্টিয়া), বাগবাটি (সিরাজগঞ্জ), বড়বাড়ী (লালমনিরহাট), জয়পুরহাট, রানীসংকৈল (ঠাকুরগাঁও), কোনাবাড়ী (গাজীপুর), ঝিনাইদহ, চাটমোহর (পাবনা), ময়মনসিংহ ও লামা (বান্দরবান)।

২. বোর্ডের পরিচালনা পর্ষদঃ

২০১৩ সালের ১৩নং আইনের (৬) ধারাবলে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ডের পরিচালনা পর্ষদ গঠন করা হয়েছে:-

ক)	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী	:	চেয়ারম্যান
খ)	জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত একজন সংসদ সদস্য	:	জ্যেষ্ঠ ভাইস চেয়ারম্যান
গ)	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব	:	ভাইস চেয়ারম্যান
ঘ)	রাজশাহী বিভাগের বিভাগীয় কমিশনার	:	সদস্য
ঙ)	বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	:	সদস্য
চ)	অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	:	সদস্য
ছ)	কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	:	সদস্য
জ)	শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	:	সদস্য
ঝ)	মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড	:	সদস্য-সচিব
ঞ)	রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত প্রাণীবিদ্যা ও উদ্ভিদবিদ্যা বিভাগ হতে যথাক্রমে ১জন করে মোট ২জন অধ্যাপক (একজন সদস্য মহিলা হবেন)	:	সদস্য
ট)	সরকার কর্তৃক মনোনীত রেশম পোকা পালনকারী, রেশম সূতা উৎপাদনকারী ও রেশম পণ্য ব্যবসায়ীগণের মধ্য হতে সর্বমোট ৩জন প্রতিনিধি (একজন মহিলা প্রতিনিধি থাকবেন)।	:	সদস্য

ভিশন : দেশে রেশম চাষ ও শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন;

মিশন :

- লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে কাঁচা রেশমের উৎপাদন বৃদ্ধি;
- গবেষণালব্ধ উচ্চ ফলনসীল তুঁত ও রেশম কীটের জাত প্রবর্তন;
- রেশম সেক্টরে দক্ষ ও কারিগরি জনশক্তি সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
- কাঁচা রেশম ও রেশম পণ্যের মান ও বৈচিত্র্য উন্নয়ন ও বিপণনের ব্যবস্থাকরণ;
- রেশম চাষ সম্প্রসারণে জনসচেতনতা বৃদ্ধি, মোটিভেশন ও তদারকি কাজ জোরদারকরণ।



রাজশাহী রেশম কারখানা পরিদর্শন করছেন বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব সাবের হোসেন চৌধুরী ও রাজশাহী-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব ফজলে হোসেন বাদশা



বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব সাবের হোসেন চৌধুরী এর সভাপতিত্বে ও মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এর উপস্থিতিতে রেশম উন্নয়ন বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত উক্ত কমিটির সভার চিত্র

### উদ্দেশ্যঃ

- ১। রেশম চাষ সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ।
- ২। মানব সম্পদ উন্নয়ন।
- ৩। সক্ষমতা বৃদ্ধি।

### বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মূল কার্যক্রমঃ

১. রেশম চাষ ও রেশম শিল্পের পরিকল্পনা ও উন্নয়ন;
২. রেশম বিষয়ক বৈজ্ঞানিক, কারিগরি ও আর্থিক গবেষণা ও প্রশিক্ষণের জন্য উদ্যোগ গ্রহণ, সহায়তা এবং উৎসাহ প্রদান;
৩. গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত ফলাফলসমূহ মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং বর্তমানে সংরক্ষিত ও ভবিষ্যতে সংগৃহীতব্য সকল রেশম পোকের জাত সংরক্ষণ নিশ্চিতকরণ;
৪. তুঁত, ভেরেভা ও সংশ্লিষ্ট অন্যান্য উদ্ভিদের উন্নতজাতের চাষাবাদের পদ্ধতি উদ্ভাবন;
৫. উন্নতজাতের সুস্থ পলুপোকের ডিমপালন, উদ্ভাবন ও বিতরণ;
৬. রেশম গুটি হতে সুতা আহরণ এবং কাঁচা রেশমের মান উন্নত ও উৎপাদন বৃদ্ধি প্রয়োজনে সকল কাঁচা রেশম যথাযথভাবে যন্ত্রপাতি সজ্জিত স্বয়ংসম্পূর্ণ সিল্ক কন্ডিশনিং হাউস এর মাধ্যমে পরীক্ষা ও গ্রেডিং করার পর বাজারজাতকরণের বাধ্যবাধকতার গ্রহণ;
৭. চরকা রিলিং ও ফিলেচারে নিয়োজিত ব্যক্তিদিগকে কারিগরি পরামর্শ/প্রশিক্ষণ প্রদান;
৮. কাঁচা রেশম ও রেশম পণ্যের মান উন্নয়ন;
৯. রেশম চাষ ও রেশম শিল্পের উপর বিভিন্ন উপাত্ত সংগ্রহ ও গ্রন্থনা;
১০. রেশম চাষ ও রেশম শিল্পের সাথে সংশ্লিষ্টদের ঋণদানের সুবিধাদি সৃষ্টি;
১১. ন্যায্যমূল্যে রেশম শিল্পের প্রয়োজনীয় কাঁচামালসহ রং, রাসায়নিক দ্রব্যাদি, খুচরা যন্ত্রাংশ ও আনুষঙ্গিক দ্রব্যাদি সিল্ক রিলার, উইভার ও প্রিন্টারদেরকে সরবরাহের ব্যবস্থা;
১২. দেশে-বিদেশে রেশম ও রেশম সামগ্রী জনপ্রিয় ও বাজারজাতকরণের জন্য প্রচারের ব্যবস্থা;
১৩. রেশম সামগ্রী রপ্তানী করার জন্য রেশম সামগ্রীর মানোন্নয়নের সুযোগ-সুবিধা সৃষ্টি এবং সিল্ক রিলার, রিয়ারার, স্পীনার, উইভার এবং প্রিন্টারদেরকে প্রশিক্ষণদানের সুবিধা সৃজন;
১৪. রেশম চাষ ও রেশম শিল্পে নিয়োজিত ব্যক্তিদের সাধারণ সুবিধার জন্য প্রকল্প প্রণয়ন, পরিচালনা বাস্তবায়ন;
১৫. কাঁচা রেশম, স্পান সিল্ক ও রেশম পণ্য উৎপাদনের জন্য মিল স্থাপনের ব্যবস্থা গ্রহণ;
১৬. সেস (cess) আদায়;
১৭. উপরি-উক্ত কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে যেইরূপ প্রয়োজনীয় বা সুবিধাজনক হয় সেইরূপ আনুষঙ্গিক বা সহায়ক সকল বিষয়ে ব্যবস্থা গ্রহণ;
১৮. সরকার কর্তৃক আরোপিত রেশম উন্নয়ন সংশ্লিষ্ট অন্য যে কোন দায়িত্ব পালন।

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জনবল কাঠামো:

একীভূত তিনটি প্রতিষ্ঠান অর্থাৎ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামো চূড়ান্ত অনুমোদনের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। সাংগঠনিক কাঠামোর ৬৯৭ সংখ্যক পদের অনুমোদনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে সর্বশেষ ৬২৭ সংখ্যক জনবলের অনুমোদন পাওয়া গেছে। নিম্নে সাবেক বাংলাদেশ রেশম বোর্ডের বর্তমান জনবলের চিত্র উল্লেখ করা হলো।

সংস্থার নাম	শ্রেণি	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূণ্য পদ
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড	১ম	৪৮	২০	২৮
	২য়	৫১	২৬	২৫
	৩য়	৩২৭	১১৮	২০৯
	৪র্থ	১০৫	৫৯	৪৬
	মোট	৫৩১	২২৩	৩০৮

## জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বোর্ডের গৃহীত কর্মসূচিঃ

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডে জাতীয় দিবসগুলি প্রতি বছর যথাযথ মর্যাদায় উৎযাপন করা হয়ে থাকে। ২০১৮-১৯ অর্থ বছরেও জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়েছে। আগামী বছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বোর্ডে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচিগুলি নিম্নরূপঃ

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা, দোয়া মাহফিল ও কেক কেটে জন্মশতবার্ষিকী উদযাপনের শুভ উদ্বোধন; বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে বঙ্গবন্ধুর মাজার জিয়ারত; নির্বাচিত জেলা ও উপজেলায় সেমিনার সিম্পোজিয়ামের আয়োজন করা; চিত্রাংকন প্রতিযোগিতা; বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে পর্যালোচনা; দুঃস্থদের মাঝে ইফতার বিতরণ; বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন; প্রামাণ্য চিত্র প্রদর্শন; ভিডিও ডকুমেন্টারি এবং অ্যালবাম; বঙ্গবন্ধু রেশম মেলা; নতুন প্রজন্মকে রাজশাহীর ঐতিহ্যবাহী রেশম শিল্প সম্পর্কে উদ্বুদ্ধকরণ (লাইফ ডকুমেন্টারি ও লাইফ সার্কেল প্রদর্শন); আলোক সজ্জা; সেরা বসনীদের পুরস্কৃত করা; র্য়ালী; ফ্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান; গুণীজন সম্বর্ধনা; রেশম বোর্ডের মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান।

## মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আমার বাড়ি আমার খামার প্রকল্পের সাথে রেশম চাষ সম্পৃক্তকরণ কার্যক্রমঃ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ৩৩টি জেলার ৯০টি উপজেলায় ‘আমার বাড়ি আমার খামার’ প্রকল্পের ৩,৭৪৩ জন সুবিধাভোগীকে তুঁত চাষের সাথে সম্পৃক্তকরণের জন্য নির্বাচন করা হয়েছে। ২০১৫-১৬ হতে ২০১৮-১৯ পর্যন্ত ৩,৬৬,২৩৬ টি তুঁতচারা সরবরাহ প্রদান ও রোপণ সম্পন্ন হয়েছে। ৬৯২ জন রেশমচাষি পলুপালনে সম্পৃক্ত হয়ে রেশম গুটি উৎপাদন করছে। নির্বাচিত সদস্যদের মধ্যে ১১৯১ জনকে তুঁতচারা রোপণ ও পরিচর্যা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। রোপিত তুঁতচারা উৎপাদনক্ষম হলে এসব চাষিদের রেশম গুটি উৎপাদনে পূর্ণভাবে সম্পৃক্ত করা সম্ভব হবে। একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় রাজশাহী, রংপুর, ঢাকা, খুলনা, যশোর ও চট্টগ্রাম বিভাগের ৯০টি উপজেলার উপজেলা সমন্বয়কারী, ফিল্ড সুপারভাইজার ও বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ৬টি কর্মশালা সম্পন্ন হয়েছে। বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা শীর্ষক প্রকল্পের আওতায় প্রশিক্ষণ, তুঁতচারা বিতরণ, পলুপালন সরঞ্জামাদি ও কারিগরি সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকীতে  
আলোচনা সভা ও দোয়া মাহফিল

#### রাজশাহী রেশম কারখানা চালুকরণ:

২০০২ সালে বন্ধকৃত রাজশাহী রেশম কারখানা রেশম সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক চেষ্টা ও সহযোগিতায় চালু করা সম্ভব হয়েছে। বর্তমানে কারখানার ১৯টি পাওয়ার লুম চালু করা সম্ভব হয়েছে। এ পর্যন্ত ৬,২৩৫ গজ কাপড় উৎপাদন করা হয়েছে। রাজশাহী রেশম কারখানায় উৎপাদিত ব্লক, স্ক্রীন প্রিন্ট শাড়ী, গরদ শাড়ী, ডুপিয়ন সার্টিং, বলাকা, মটকা ইত্যাদি থান কাপড়, উত্তরীয়, টুপিস কাপড় বিক্রয় করা হচ্ছে।



রাজশাহী রেশম কারখানা পরিদর্শন করছেন রাজশাহী সিটি  
কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব এ.এইচ.এম  
খায়রুজ্জামান (লিটন)



রাজশাহী-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব ফজলে  
হোসেন বাদশা রাজশাহী রেশম কারখানা পরীক্ষামূলকভাবে  
চালু করার জন্য উদ্বোধন করছেন



রাজশাহী রেশম কারখানা পরিদর্শন করছেন বস্ত্র ও পাট  
মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো: মিজানুর রহমান



৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় রেশম উন্নয়ন বোর্ডের স্টল  
পরিদর্শন করছেন দর্শনার্থীগণ



### প্রশিক্ষণঃ

প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে রেশম উন্নয়ন বোর্ড কাজ করছে। মাঠ পর্যায় চাষি ও বসনী থেকে শুরু করে সকল কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজন অনুসারে ইন-হাউজ প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বোর্ড প্রধান কার্যালয়ে ২০১৮-১৯ অর্থ বছরে মোট ৬৮৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অর্থাৎ জনপ্রতি ৭৫ ঘন্টা করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া এ অর্থ বছরে আমার বাড়ি আমার খামার প্রকল্পের চাষিসহ মাঠ পর্যায়ে পলুপালন, তুঁতচারা রোপন, উত্তোলন ও পরিচর্যা এবং রিলিং বিষয়ে মোট ৮০৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডে ২০১৮-১৯ অর্থ বছরে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিবরণীঃ

ক্রঃ নং	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণার্থীর সংখ্যা	মোট ঘন্টা
১.	কম্পিউটার বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণ	১৯৩ জন	১৩৫১
২.	প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ	১৪	৯৮
৩.	সরকারি ক্রয় সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ (পিপিআর-২০০৮ এর উপর)	২২	১৫৪
৪.	জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ আইন ও বিধিমালা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ	৬৪	৪৪৮
৫.	গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ	১৩১	৯১৭
৬.	শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রশিক্ষণ	৬০	৪২০
৭.	এপিএ সংক্রান্ত বিষয়ে কর্মশালা ও প্রশিক্ষণ	১৮৬	১৩০২
৮.	এপিএ এমএস সফটওয়্যার সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণ	২৬	১৮২
৯.	তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ	৫০	৩৫০
১০.	ই-ফালিং বিষয়ে প্রশিক্ষণ	২৩৪	১৬৩৮
	সর্বমোট-	৯৮০ জন	৬৮৬০ ঘন্টা- (জন প্রতি ৭৫ ঘন্টা)



বোর্ডের সভাকক্ষে কর্মকর্তা/কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ



মাঠ পর্যায়ে প্রশিক্ষণ শেষে সনদ পত্র বিতরণ করছেন বোর্ডের সদস্য(সম্প্রসারণ ও প্রেষণা) জনাব এ ম, এ মান্নান



২০১৮-১৯ অর্থ বছরের গৃহীত কার্যক্রম ও অর্জন

ক্রঃ নং	গৃহীত কার্যক্রম	অর্জন
১.	তুঁতচাষ ও তুঁতজমি রক্ষণাবেক্ষণ	৪২০ বিঘা
২.	তুঁতচারা উৎপাদন, বিতরণ ও রোপণ	৪.১৫ লক্ষ
৩.	রেশম বীজগুটি উৎপাদন	৯,৩৬৩ কেজি
৪.	রোগমুক্ত রেশম ডিম উৎপাদন	৪.৩১ লক্ষ
৫.	রেশম গুটি উৎপাদন	১.৭৪ লক্ষ কেজি
৬.	রেশম সুতা উৎপাদন (সরকারি পর্যায়ে)	১,০২০ কেজি
৭.	রেশম চাষি প্রশিক্ষণ	৮০৫ জন
৮.	চাকী রিয়ারিং কেন্দ্রগুলিতে চাকী পলুপালন করে পলু পালনকারীদের বিতরণ	২.০০ লক্ষ চাকী পলু
৯.	আইডিয়াল রেশম পল্লী ও সম্প্রসারণ এলাকার চাষিদের পলুপালন সরঞ্জামাদি ও পলুঘর নির্মাণ বাবদ আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে	৮,৬০০ টি ডালা, ৮,৬০০ টি চন্দ্রকী



ফার্মিং পদ্ধতিতে রেশম চাষ বিষয়ক কনফারেন্সে চীপাইনবাবগঞ্জ-১ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব ডা: সামিল উদ্দিন আহমেদ শিমুল



পলুপোকা পরিচর্যায় ব্যস্ত মহিলা রেশম চাষিগণ



রাজশাহীতে রেশম উৎসবে ভারতীয় বিশেষজ্ঞ দলসহ অতিথিবৃন্দ



রাজশাহীতে রেশম উৎসবে বক্তব্য রাখছেন রাজশাহী রেঞ্জের মাননীয় উপ-পুলিশ পরিদর্শক জনাব মো: হাফিজ আক্তার বিপিএম বার

**বোর্ডের বাস্তবায়নামূলক প্রকল্প ও বাস্তবায়ন অগ্রগতি:**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সার্বিক কার্যক্রম প্রকল্প নির্ভর। অন্যদিকে রেশম চাষ একটি চলমান প্রক্রিয়া। বিধায় একই ধরনের কাজের ক্ষেত্রে রাজস্ব বাজেটে বরাদ্দ থাকা প্রয়োজন। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডে বর্তমানে ৩টি প্রকল্প চলমান রয়েছে। উল্লেখ্য, ২৪৫০.০০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত 'রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প (জুলাই'২০১৫-জুন'২০২০) সম্প্রতি অনুমোদিত হয়েছে। নিম্নে চলমান ২টি প্রকল্পের অগ্রগতি দেওয়া হলোঃ

প্রতিবেদনামূলক অর্থ বছরের প্রকল্প	প্রতিবেদনামূলক অর্থ বছরে এডিপিতে বরাদ্দ	প্রতিবেদনামূলক অর্থ বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ	অগ্রগতি
(১) "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা" (জুলাই, ২০১৩-জুন, ২০২০)। (২য় সংশোধনী) প্রাক্কলিত ব্যয় ৪৭২৮.০০ লক্ষ টাকা।	৬০০.০০ লক্ষ টাকা	৫৯৭.০৬ লক্ষ টাকা	৯৯.৫০%
(২) 'রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলাসমূহে দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প (জুলাই, ২০১৭-জুন, ২০২২)। প্রাক্কলিত ব্যয় ২৫০৭.০০ লক্ষ টাকা।	২০০.০১ লক্ষ টাকা	১৭৩.০০ লক্ষ টাকা	৮৭%

**(ঘ) ২০১৯-২০ অর্থ বছর এবং ২০১৯-২০ হতে ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত কর্ম-পরিকল্পনাঃ**

ক্রঃ নং	কাজের বিবরণ	২০১৯-২০ অর্থ বছর	২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত	মন্তব্য
১.	তুঁতচারা উৎপাদন	৪.৫০ লক্ষ	১৫.৬০ লক্ষ	চলমান প্রকল্পের কার্যক্রম অনুযায়ী
২.	রোগমুক্ত রেশম ডিম উৎপাদন	৪.৩২ লক্ষ	১৩.৪০ লক্ষ	
৩।	রেশম গুটি উৎপাদন	১৭২ মেঃটন	৫৩৩ মেঃটন	
৩.	রেশম সুতা উৎপাদন (সরকারি পর্যায়ে)	০.৮৮ মেঃ টন	২.৬৭ মেঃ টন	
৪.	দক্ষ জনবল সৃষ্টিতে প্রশিক্ষণ	১৪০০ জন	৪৭০০ জন	




বাস্পার ফলনে হাস্যোজ্জ্বল রেশম চাষি



রিভিউ কার্যক্রম পরিদর্শন করছেন সদস্য(অর্থ ও পরিকল্পনা) জনাব সৈয়দা জেবিননিছা সুলতানা







**রেশম গুটি কাঁচা সোনা  
এতো আয় যায়না গোনা**

**বিভাগ/শাখাসমূহঃ**

**ক) প্রশাসন ও সংস্থাপন বিভাগঃ**

মহাপরিচালকের সরাসরি নিয়ন্ত্রণে বোর্ডের সচিব, বিভাগটি নিয়ন্ত্রণ করে নিয়োক্ত কর্মকর্তা পরিচালনা করেনঃ

- ১) রেশম উন্নয়ন বোর্ড ও এর অধীন সারাদেশ ব্যাপী অবস্থিত বিভিন্ন প্রকল্পসমূহের সকল ধরনের প্রশাসনিক কাজকর্ম যথাঃ ছুটি, পদন্নতি, নিয়োগ, বদলী, বিভাগীয় মামলা দায়ের ও নিষ্পত্তিকরণ ;
- ২) বিভিন্ন প্রকল্পে অবস্থিত জমি জমা সংক্রান্ত যাবতীয় কাজকর্ম ও এ সংক্রান্ত আদালতের মামলা পরিচালনা করা;
- ৩) কমন সার্ভিস সংক্রান্ত যাবতীয় কাজকর্ম সম্পাদন করা এবং বোর্ডের গাড়ী রক্ষণাবেক্ষণ করা;
- ৪) বোর্ড সভার আয়োজন করা এবং কার্যবিবরণী প্রস্তুত ও তার ফলোআপ করা ;
- ৫) মন্ত্রণালয় ও সরকারী বিভিন্ন সংস্থার সংগে যোগাযোগকরতঃ প্রশাসনিক বিভিন্ন কাজকর্ম সম্পাদন করা ও এ সংক্রান্ত রিপোর্ট রিটার্ন প্রণয়ন করা;
- ৬) এ ছাড়া সরকার ও কর্তৃপক্ষ কর্তৃক সময় সময়ে প্রদত্ত অন্যান্য কাজকর্ম সম্পাদন করা।

বাংলাদেশ রেশম বোর্ডের স্থায়ী রাজস্ব সেট আপের(বীজাগার ও সম্প্রসারণসহ) ২০১৮-১৯ অর্থ বছরের অনুমোদিত, পূরণকৃত ও শূন্য পদের তালিকাঃ

(ক) সরকার কর্তৃক প্রেষণে নিয়োজিত কর্মকর্তাঃ

ক্রঃনং	পদবী	বেতন স্কেল	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূণ্য পদ
১.	মহাপরিচালক	৫৬৫০০-৭৪৪০০/-	১	১	-
২.	পরিচালক	৫৬৫০০-৭৪৪০০/- ও ৫০০০০-৭১২০০/-	৩	৩	-
৩.	সচিব	৫০০০০-৭১২০০/-	১	১	-
মোট			৫	৫	

(খ) রেশম বোর্ডের ১ম শ্রেণীর জন বলঃ

ক্রঃনং	পদবী	বেতন স্কেল	অনুঃ পদ	পূরণপদ	শূণ্য পদ	মন্তব্য
১.	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা	৫০০০০-৭১২০০/-	১	-	১	
২.	প্রধান পরিকল্পনা কর্মকর্তা	৫০০০০-৭১২০০/-	১	-	১	
৩.	প্রধান সম্প্রসারণ কর্মকর্তা	৫০০০০-৭১২০০/-	১	১	-	প্রেষণে নিয়োজিত
৪.	প্রধান উৎঃ ও বাজারঃ কর্মকর্তা	৫০০০০-৭১২০০/-	১	১	-	প্রেষণে নিয়োজিত
৫.	উপ সচিব	৪৩০০০-৬৯৮৫০/-	১	-	১	
৬.	উর্ধ্বতন উপ প্রধান সমন্বয়	৪৩০০০-৬৯৮৫০/-	১	-	১	
৭.	উপ-প্রধান পরিকল্পনা	৩৫৫০০-৬৭০১০/-	১	-	১	
৮.	উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা	৩৫৫০০-৬৭০১০/-	২	১	১	
৯.	উপ-প্রধান উৎঃ ও বাজারঃ কর্মকর্তা	৩৫৫০০-৬৭০১০/-	১	-	১	
১০.	উপ-প্রধান নিরীক্ষক	৩৫৫০০-৬৭০১০/-	১	-	১	
১১.	নির্বাহী প্রকৌশলী	৩৫৫০০-৬৭০১০/-	১	১	-	
১২.	উপ-পরিচালক	৩৫৫০০-৬৭০১০/-	৬	-	৬	
১৩.	ডিজাইনার	৩৫৫০০-৬৭০১০/-	১	-	১	
১৪.	উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা	৩৫৫০০-৬৭০১০/-	১	-	১	

১৫.	সহকারী সচিব	২২০০০-৫৩০৬০/-	২	১	১	
১৬.	হিসাব রক্ষণ কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	২	১	১	
১৭.	বাজেট কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	১	১	-	
১৮.	নিরীক্ষা কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	১	১	-	
১৯.	গবেষণা কর্মকর্তা(পরিকল্পনা)	২২০০০-৫৩০৬০/-	২	-	২	
২০.	জনসংযোগ কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	১	১	-	
২১.	সহকারী পরিচালক	২২০০০-৫৩০৬০/-	৬	৪	২	
২২.	সম্প্রসারণ কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	৩	২	১	
২৩.	গবেষণা কর্মকর্তা (ল্যাব)	২২০০০-৫৩০৬০/-	১	-	১	
২৪.	বাজারজাতকরণ কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	১	-	১	
২৫.	বিক্রয় কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	১	-	১	
২৬.	আমদানী ও রপ্তানী কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	১	-	১	
২৭.	উৎপাদন কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/-	১	-	১	
	মোট-		৪৩	১৫	২৮	
	উপমোট- (ক+খ)		৪৮	২০	২৮	

## (গ) রেশম বোর্ডের ২য় শ্রেণীর জন বলঃ-

ক্রঃ নং	পদবী	বেতন স্কেল	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূণ্য পদ
১.	পরিসংখ্যান কর্মকর্তা	১৬০০০-৩৮৬৪০/-	১	-	১
২.	ফার্ম ম্যানেজার	১৬০০০-৩৮৬৪০/-	৩	৩	-
৩.	ম্যানেজার (সম্প্রসারণ)	১৬০০০-৩৮৬৪০/-	৪	৪	-
৪.	ট্রেনিং ইন্সট্রাক্টর	১৬০০০-৩৮৬৪০/-	১৫	১০	৫
৫.	টেকনিক্যাল অফিসার	১৬০০০-৩৮৬৪০/-	৪	২	২
৬.	উপ-সহকারী প্রকৌশলী	১৬০০০-৩৮৬৪০/-	১	-	১
৭.	ফোরম্যান (ডিপ্লোমা)	১৬০০০-৩৮৬৪০/-	১	১	-
৮.	সহঃ ম্যানেজার (ফার্ম/সম্প্রসারণ)	১২৫০০-৩০২৩০/-	৮	-	৮
৯.	হিসাব রক্ষক	১২৫০০-৩০২৩০/-	১১	৬	৫
১০.	নিরীক্ষক	১২৫০০-৩০২৩০/-	২	-	২
১১.	এস্টিমেটর	১২৫০০-৩০২৩০/-	১	-	১
	মোট-		৫১	২৬	২৫

## (ঘ) রেশম বোর্ডের ৩য় শ্রেণীর জন বলঃ

ক্রঃনং	পদবী	বেতন স্কেল	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূণ্য পদ
১.	পরিদর্শক	১১০০০-১৬২৮০/-	৪	১	৩
২.	প্রধান সহকারী	১১০০০-১৬২৮০/-	২	১	১
৩.	স্টেনোগ্রাফার	১১০০০-১৬২৮০/-	৯	৪	৫
৪.	গবেষণা সহকারী	১১০০০-১৬২৮০/-	২	১	১
৫.	উচ্চমান সহকারী	১১০০০-১৬২৮০/-	১৩	৫	৮
৬.	হিসাব সহকারী	১১০০০-১৬২৮০/-	১১	৫	৬
৭.	কেয়াঃ-কাম-সিকিউরিটি-ইনচার্জ	১১০০০-১৬২৮০/-	১	-	১
৮.	স্টেনোগ্রাফিষ্ট	১১০০০-১৬২৮০/-	১	১	-
৯.	হিসাব-করণিক-কাম-ক্যাশিয়ার	১১০০০-১৬২৮০/-	৩	৩	-
১০.	ভান্ডার রক্ষক..	১১০০০-১৬২৮০/-	১	-	১
১১.	বিক্রয় সহকারী	১১০০০-১৬২৮০/-	৩	-	৩
১২.	ড্রাফটস্ম্যান	৯৭০০-২৩৪৯০/-	১	-	১
১৩.	রেশম প্রতিপাদক	৯৭০০-২৩৪৯০/-	৯৫	২৩	৭২
১৪.	টেকনিক্যাল সুপারভাইজার	৯৭০০-২৩৪৯০/-	২৯	১	২৮
১৫.	এন্ডি স্পীনার	৯৩০০-২২৪৯০/-	১১	২	৯
১৬.	মেকানিক	৯৩০০-২২৪৯০/-	৩	১	২
১৭.	এয়ারকন্ডিশন অপারেটর	৯৩০০-২২৪৯০/-	১	১	-

১৮.	অফিস সহঃ কাম কম্পিউঃ অপারেটর	৯৩০০-২২৪৯০/-	৪০	১৯	২১
১৯.	ব্রাম্যমান বীজ পরীক্ষক	৯৩০০-২২৪৯০/-	১১	৭	৪
২০.	ড্রাইভার	৯৩০০-২২৪৯০/-	৯	৪	৫
২১.	এক্সপার্ট উইভার	৯৩০০-২২৪৯০/-	৪	-	৪
২২.	এক্সপার্ট রিলার	৯৩০০-২২৪৯০/-	৮	৪	৪
২৩.	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	৮৮০০-২১৩১০/-	১	১	-
২৪.	রেকর্ড সাল্পায়ার	৮৮০০-২১৩১০/-	১	-	১
২৫.	সহকারী মেকানিক	৮৮০০-২১৩১০/-	৩	৩	-
২৬.	এক্সপার্ট প্যান্টার	৮৮০০-২১৩১০/-	২৪	৭	১৭
২৭.	এক্সপার্ট রিয়ারার	৮৮০০-২১৩১০/-	২৮	১৭	১১
২৮.	ক্যাশ-সরকার	৮৮০০-২১৩১০/-	১	১	-
২৯.	রিলার	৮৮০০-২১৩১০/-	৭	৬	১
মোট-			৩২৭	১১৮	২০৯

**(ঙ) রেশম বোর্ডের ৪র্থ শ্রেণীর জন বলঃ**

ক্রঃনং	পদবী	বেতন স্কেল	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূণ্য পদ
১.	ব্লক কাটার	৮৫০০-২০৫৭০/-	১	১	-
২.	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/-	৫১	২২	২৯
৩.	নিরাপত্তা প্রহরী	৮২৫০-২০০১০/-	৪৩	৩০	১৩
৪.	মালী	৮২৫০-২০০১০/-	২	২	-
৫.	পরিচ্ছন্নতা কর্মী	৮২৫০-২০০১০/-	৮	৪	৪
মোট-			১০৫	৫৯	৪৬
সর্বমোট- ক+খ+গ+ঘ			৫৩১	২২৩	৩০৮

**আইন, বিধি, নীতি, নির্দেশনা ( সংস্কার কার্যক্রম) প্রণয়নঃ**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন/২০১৩ এর ধারাবাহিকতায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোসহ কর্মচারি চাকুরি প্রবিধানমালা ও নিয়োগ তফসিল প্রণয়নের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

**মামলার তথ্যঃ**

**বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের বিভিন্ন আদালতে বিচারাধীন মামলার সংক্ষিপ্ত তথ্যাদি জুন/২০১৯**

ক্রঃ নং	মামলার বিবরণ		
ক.	সম্পত্তি সংক্রান্ত মামলা মোট		১১ টি
১।	বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগে বিচারাধীন মামলা	০১ টি	
২।	হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা	০১ টি	
৩	জেলা দেওয়ানী আদালতে বিচারাধীন মামলা	০৯টি	
খ.	প্রশাসনিক বিষয় সংক্রান্ত মামলা মোট		১৭ টি
১।	বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগে বিচারাধীন মামলা	০১ টি	
২।	বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা	০৭ টি	
৩।	জেলা দেওয়ানী আদালতে বিচারাধীন মামলা	০২ টি	
৪।	বিভাগীয় শ্রম আদালতে বিচারাধীন মামলা	০২ টি	
৫।	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন মামলা	০৫ টি	
		সর্বমোট	২৮টি



## মামলা সংক্রান্ত তথ্যঃ

ক্রঃ নং	কার্যালয়ের নাম	মোট মামলার সংখ্যা		১৮-১৯ বছরে নিষ্পত্তির সংখ্যা		১৮-১৯ বছরে আগত মামলার সংখ্যা		২০১৮-১৯ বছর শেষে মোট মামলা	
		কোট মামলা	বিভাগীয় মামলা	কোট মামলা	বিভাগীয় মামলা	কোট মামলা	বিভাগীয় মামলা	কোট মামলা	বিভাগীয় মামলা
১.	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড,	৩২টি	২৮টি	৪টি	৬টি	-	-	২৮টি	২২টি

## তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা সমূহে কম্পিউটারের মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে (LAN) সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে ওয়েন (WAN) সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা
৮২	আছে	নাই	নাই	কর্মকর্তা ১৬ জন কর্মচারী ২৭ জন

## অর্থ ও পরিকল্পনা বিভাগ

## খ) অর্থ ও পরিকল্পনা বিভাগঃ

বোর্ডের সদস্য (অর্থ ও পরিকল্পনা) এ বিভাগের প্রধান এবং তাঁর নিয়ন্ত্রনে এ বিভাগটির নিম্নোক্ত কর্মকর্তা পরিচালিত হয়ঃ

## (১) হিসাব শাখাঃ

১. রেশম উন্নয়ন বোর্ড এবং আওতাধীন সকল প্রকল্প ও কার্যালয়ের রাজস্ব ও উন্নয়ন বাজেট প্রণয়ন এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ ;
২. রেশম উন্নয়ন বোর্ড ও আওতাধীন প্রকল্প ও কার্যালয় সমূহের যাবতীয় আর্থিক লেনদেন তদারকি, অর্থ ছাড়সহ হিসাব সংক্রান্ত যাবতীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান ও নিয়ন্ত্রণ ;
৩. নিরীক্ষা কাজে সহায়তা প্রদান এবং সরকারি বাণিজ্যিক নিরীক্ষা কর্তৃক উত্থাপিত আপত্তিসমূহের নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ ;
৪. মন্ত্রণালয় ও অন্যান্য সরকারী সংস্থাতে অর্থ ছাড়ের ব্যাপারে যোগাযোগ, অর্থ ছাড়ের ব্যবস্থাকরণ এবং এ ব্যাপারে চাহিদাকৃত রিপোর্ট রিটার্ন প্রদান ;
৫. অর্থ সংক্রান্ত সরকারী অন্যান্য আদেশ/নির্দেশ পালন করা ।

## রাজস্ব বাজেট বরাদ্দ ও ব্যয়ঃ

বাংলাদেশ রেশম বোর্ডে ২০১৮-১৯ অর্থ বছরে নিজস্ব আয়সহ সংশোধিত রাজস্ব বাজেটের আয় ও ব্যয়ের তথ্য নিম্নে উল্লেখ করা হলো:

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর প্রশাসনিক ব্যয় নির্বাহের জন্য অনুন্নয়ন (রাজস্ব) বাজেটে

২০১৮-১৯ অর্থ বছরের বরাদ্দ এবং ব্যয়/অব্যয়িত অর্থের বিবরণঃ

(অংক সমূহ হাজার টাকায়)

অর্থনৈতিক কোড	বিবরণ	২০১৮-১৯ অর্থ বছরের প্রাথমিক বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ	২০১৮-১৯ অর্থ বছরের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ	২০১৮-১৯ অর্থ বছরের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ ব্যয়	২০১৮-১৯ অর্থ বছরের অব্যয়িত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৬৩১	<b>আবর্তক অনুদান</b>						
৩১১১১০১	মূল বেতন (অফিসার)	২৫,০০০	২৫,৪০৯	২৫,৪০৯	২৫,৪০২	৭	
৩১১১২০১	মূল বেতন (কর্মচারী)	৬০,৫৫৩	৫৯,৫১৫	৫৯,৫১৫	৫৯,৫০৫	১০	
	<b>উপমোট -বেতন বাবদ সহায়তা</b>	<b>৮৫,৫৫৩</b>	<b>৮৪,৯২৪</b>	<b>৮৪,৯২৪</b>	<b>৮৪,৯০৭</b>	<b>১৭</b>	
৩৬৩১১০২	<b>ভাতাদি বাবদ সহায়তা</b>			০		০	
৩১১১৩০১	দায়িত্ব ভাতা (ভাতাদি)	৪০০	৫০০	৫০০	৫০০	০	
৩১১১৩০২	যাতায়াত ভাতা (ভাতাদি)	৪৭৯	৪২০	৪২০	৪২০	০	
৩১১১৩০৬	শিক্ষা ভাতা (ভাতাদি)	২,৫০০	২,২০০	২,২০০	১,৭০৫	৪৯৫	
৩১১১৩০৯	পাহাড়ি ভাতা (ভাতাদি)	৪০০	৩৫০	৩৫০	৩১৮	৩২	
৩১১১৩১০	বাড়ীভাড়া (ভাতাদি)	৩৩,৭৩২	৩৩,৩০০	৩৩,৩০০	৩৩,২৭৬	২৪	
৩১১১৩১১	চিকিৎসা ভাতা (ভাতাদি)	৫,১৬৬	৫,০০০	৫,০০০	৪,৯৯৯	১	
৩১১১৩১৪	টিফিন ভাতা (ভাতাদি)	৫৮৯	৬৪৩	৬৪৩	৬৪১	২	
৩১১১৩১৬	খোলাই ভাতা (ভাতাদি)	১৪৪	১০০	১০০	৮৫	১৫	
৩১১১৩২৫	উৎসব ভাতা (ভাতাদি)	১২,৯৫০	১২,৪৩৭	১২,৪৩৫	১২,৪২২	১৩	
৩১১১৩২৮	শ্রান্তি ও বিনোদন ভাতা (ভাতাদি)	৯৭৫	৯৭৫	৯৭৫	৯৬৩	১২	
৩১১১৩৩১	আপ্যায়ন ভাতা (ভাতাদি)	১০০	১০০	১০০	২৪	৭৬	
৩১১১৩৩৫	বাংলা নববর্ষ ভাতা (ভাতাদি)	১,২৯৫	১,৩৫০	১,৩৫০	১,৩৩৫	১৫	
৩১১১৩৩৮	অন্যান্য ভাতা (ভাতাদি)	১০০	১৫০	১৫০	১৫০	০	
	<b>উপমোট -ভাতাদি বাবদ সহায়তা</b>	<b>৫৮,৮৩০</b>	<b>৫৭,৫২৫</b>	<b>৫৭,৫২৩</b>	<b>৫৬,৮৩৮</b>	<b>৬৮৫</b>	

৩৬৩১১০৩	পণ্য ও সেবার ব্যবহার						
৩২১১১০৪	আনুসঙ্গিক কর্মচারী/প্রতিষ্ঠান	৫০০	৩০০	৩০০	৩০০	০	
৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়	৭০০	৯০০	৯০০	৮৮০	২০	
৩২১১১১০	আইন সংক্রান্ত ব্যয়	৫০০	৫০০	৫০০	৪০৪	৯৬	
৩২১১১১১	সেমিনার এবং কনফারেন্স	৫০০	৫০০	৫০০	৫০০	০	
৩২১১১১৩	বিদ্যুৎ (প্রশাসনিক ব্যয়)	৩,০০০	৪,৫০০	৪,৫০০	৪,৫০০	০	
৩২১১১১৭	ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	১০০	৬০০	৬০০	৫২৯	৭১	
৩২১১১১৯	ডাক (প্রশাসনিক ব্যয়)	২০০	২২০	২২০	১৯৩	২৭	
৩২১১১২০	টেলিফোন	৭০০	৮০০	৮০০	৭৭৫	২৫	
৩২১১১২১	মেশিন ও সরঞ্জামাদির ভাড়া	০	৩০০	৩০০	৩০০	০	
৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	৩৫০	৩৫০	৩৫০	৩৪৯	১	
৩২১১১২৭	বইপত্র ও সাময়িকী	৩০০	৩০০	৩০০	২৮৭	১৩	
৩২১১১২৯	অফিস ভবন ভাড়া	২,৫০০	২,৫০০	২,৫০০	২,৫০০	০	
৩২১১১৩৪	শ্রমিক (অনিয়মিত) মজুরি	৩৩,৪২৭	৩৩,০০০	৩৩,০০০	৩৩,০০০	০	
৩২২১১০১	নিরীক্ষা/সমীক্ষা ফি	১০০	৫০০	৫০০	৩৬০	১৪০	
৩২২১১০৬	পরিবহন ব্যয়	৩০০	৩০০	৩০০	৩০০	০	
৩২২১১০৮	ব্যাংক চার্জ	৫০০	৮০০	৮০০	৩১৫	৪৮৫	
৩২৩১৩০১	প্রশিক্ষণ	২০০	৪০০	৪০০	৩৬৭	৩৩	
৩২৪৩১০১	পেট্রোল ওয়েল এন্ড লুব্রিকেন্ট	৩,০০০	৩,৫০০	৩,৫০০	২,৪৮০	১,০২০	
৩২৪৩১০২	গ্যাস ও জ্বালানি	০	৫০০	৫০০	৫০০	০	
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	৫,৫০০	৭,০০০	৭,০০০	৭,০০০	০	
৩২৫১১০৫	সার (কৃষি সরবরাহ)	১,৫০০	২,৫০০	২,৫০০	২,৫০০	০	
৩২৫৩১০৩	নিরাপত্তা সেবা সংগ্রহ	১,০০০	১,০০০	১,০০০	১,০০০	০	
৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধাই	১০০	১০০	১০০	৯৯	১	
৩২৫৫১০৪	স্ট্যাম্প ও সীল	৩০০	৪০০	৪০০	৪০০	০	
৩২৫৬১০২	রাসায়নিক	৬০০	৭০০	৭০০	৭০০	০	
৩২৫৬১০৩	ব্যবহার্য দ্রব্যাদি	১০০	৮০০	৮০০	৭৯৯	১	
৩২৫৬১০৬	পোষাক )	৫০০	৫০০	৫০০	৪৩৭	৬৩	
৩২৫৭১০১	কনসালটেন্সি	০	২০০	২০০	২০০	০	



৩২৫৭১০৩	গবেষণা	৭৫০	৭৫০	৭৫০	৭৫০	০
৩২৫৭২০৬	সম্মানী/পারিতোষিক	২০০	৪০০	৪০০	৪০০	০
৩২৫৭৩০১	অনুষ্ঠান/উৎসবাদি	৫০০	৬০০	৬০০	৬০০	০
৩২৫৮১০১	মোটরযান	৫০০	৬০০	৬০০	৬০০	০
৩২৫৮১০২	আসবাবপত্র	৫০	৩০০	৩০০	৩০০	০
৩২৫৮১০৩	কম্পিউটার	৫০০	৬০০	৬০০	৬০০	০
৩২৫৮১০৫	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৪০০	১,০০০	১,০০০	৯৯২	৮
৩২৫৮১০৮	অন্যান্য ভবন ও স্থাপনা	১,২০০	১,২০০	১,২০০	১,২০০	০
৩২৫৮১৪০	মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয়	২,৫০০	২,৫০০	২,৫০০	১,৫৫০	৯৫০
৩১১১৩২৭	অধিকাল ভাতা (ভাতাদি)	১,৩০০	১,৩০০	১,৩০০	১,৩০০	০
৩৮২১১০২	ভূমি উন্নয়ন কর	৩,২০০	৩,৫০০	৩,৫০০	৩,৫০০	০
<b>উপমোট - পণ্য ও সেবা বাবদ সহায়তা =</b>		<b>৬৭,৫৭৭</b>	<b>৭৬,৭২০</b>	<b>৭৬,৭২০</b>	<b>৭৩,৭৬৬</b>	<b>২,৯৫৪</b>
<b>৩৬৩১১০৭</b>	<b>বিশেষ অনুদান</b>					
৪১১২২০২	কম্পিউটার এবং আনুসাংগিক	৫০০	৭০০	৭০০	৬৯৯	১
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	২০০	৭০০	৭০০	৬৯৩	৭
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	১,১০০	১,১০০	১,১০০	১,০৯৯	১
৪১১২৩১৪	আসবাবপত্র	২০০	৭০০	৭০০	৭০০	০
<b>উপমোট বিশেষ অনুদান=</b>		<b>২,০০০</b>	<b>৩,২০০</b>	<b>৩,২০০</b>	<b>৩,১৯১</b>	<b>৯</b>
<b>৩৬৩১১৯৯</b>	<b>অন্যান্য অনুদান</b>			০		০
৩৮২১১১৬	বীমা (অন্য বিবিধ ব্যয়)	৪০০	৫০০	৫০০	৪২২	৭৮
৩৪২১৫০৬	কন্ট্রিবিউটারী ভবিষ্যত তহবিল	৭,১৭০	৬,২৫০	৬,২৫০	৬,২৪৯	১
৩৭২১১০২	কল্যাণ তহবিল	১,৫০০	১,৫০০	১,৫০০	১,৫০০	০
৩৭৩১১০১	আনুতোষিক	৪৫,০০০	৪২,২২৭	৪২,২২৭	৪২,২২৭	০
৪১১২২০১	তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি	৩০০	৩০০	৩০০	৩০০	০
<b>উপমোট - অন্যান্য অনুদান=</b>		<b>৫৪,৩৭০</b>	<b>৫০,৭৭৭</b>	<b>৫০,৭৭৭</b>	<b>৫০,৬৯৮</b>	<b>৭৯</b>
<b>সর্বমোট ব্যয়=</b>		<b>২৬৮,৩৩০</b>	<b>২৭৩,১৪৬</b>	<b>২৭৩,১৪৪</b>	<b>২৬৯,৪০০</b>	<b>৩,৭৪৪</b>

(সাইত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা মাত্র)

## (১৬) ঋন ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য)

বছর	চুক্তির ধরণ	চুক্তির সংখ্যা	কমিটমেন্ট (কোটি টাকায়)	ডিসবার্সমেন্ট (কোটি টাকায়)	রিপেমেন্ট (কোটি টাকায়)		মন্তব্য
১	২	৩	৪	৫	৬		৭
২০১৮-১৯	ঋণচুক্তি	-	-	-	আসল	০.২৮৩১	
					সুদ	-	
	অনুদান চুক্তি	-	-	-	-		
	মোট	-	-	-	০.২৮৩১		
২০১৭-১৮	ঋণচুক্তি	-	-	-	আসল	০.০৫০০	
					সুদ	-	
	অনুদান চুক্তি	-	-	-	-		
	মোট	-	-	-	০.০৫০০		

## (২) পরিকল্পনা শাখাঃ

- ১.দেশে রেশম শিল্পের উন্নয়ন, বিভিন্ন ধরনের পরিকল্পনা প্রণয়ন ;
- ২.ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন এবং অন্যান্য সরকারি অফিসের সংগে যোগাযোগ রক্ষা করা এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ;
- ৩.রেশমের সংগে সম্পৃক্ত সরকারি সংস্থাসমূহ ও স্থানীয় সরকারী পরিষদকে রেশমের উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় সহায়তা প্রদান ;
- ৪.সরকারি নীতি ও দিক নির্দেশনার আলোকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়ন এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ করা ;
- ৫.উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ;
- ৬.মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন ধরনের রিপোর্ট রিটার্ন প্রদান করা ;
- ৭.কর্তৃপক্ষ ও সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কাজ সম্পাদন করা।

## ২০১৯-২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ৪.৫০ লক্ষ তুঁতচারা উৎপাদন কার্যক্রম গ্রহন;
- ৪.৩২ লক্ষ রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও চাষীদের মধ্যে বিতরণ;
- ১৭২ মেঃটন রেশম গুটি উৎপাদন করা;
- রেশম চাষে দক্ষতা বৃদ্ধির জন্য ১৪০০ জন রেশম চাষী/বসনীকে প্রশিক্ষণ প্রদান;
- ০.৮৮ মেঃটন রেশম সুতা উৎপাদন (সরকারি পর্যায়ে)
- ষ্টেকহোল্ডার সভা আয়োজন করা;

## টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)

সরকারের আগামী ২০১৬ থেকে ২০৩০ সাল মেয়াদে বাস্তবায়িতব্য টেকসই উন্নয়ন অভীষ্ট (SD GoalsGs) এর লক্ষ্যমাত্রার সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের Goals, Target, Activities, Performance indicator প্রভৃতি বিষয়াদি উল্লেখপূর্বক বারেউবো'র SDGs বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে দেয়া হলো।

## Aligning BSDB APA with SDGs

**Goals, Target for achieving goals, strategic objectives, activities, performance indicator and target of SDGs (From 2016-2030)****Bangladesh Sericulture Development Board (BSDB)**

SDG Goals	SDG Targets	BSDB Activities	Unit	Base line (14-15)	Target														
					16-17	17-18	18-19	19-20	20-21	21-22	22-23	23-24	24-25	25-26	26-27	27-28	28-29	29-30	30-31
1. Poverty	1.a	Employment creation through sericulture	Person (In Lakh)	6.50	6.57	6.61	6.66	6.72	6.78	6.85	6.91	6.98	7.05	7.13	7.20	7.28	7.36	7.45	7.55
	1.b	Skill development through training	person	610	1400	1600	1700	1850	2000	2050	2100	2200	2300	2400	2500	2600	2700	2800	3000
5. Women	5.5	Employment generation through sericulture	Person (In Lakh)	4.55	4.60	4.63	4.66	4.70	4.75	4.80	4.84	4.89	4.94	4.99	5.04	5.10	5.15	5.22	5.29
	5.6	Skill development through training	person	427	980	1120	1190	1295	1400	1435	1470	1540	1610	1680	1750	1820	1890	1960	2100
8. Economy	8.1	Employment creation through sericulture	Person (In Lakh)	6.50	6.57	6.61	6.66	6.72	6.78	6.85	6.91	6.98	7.05	7.13	7.20	7.28	7.36	7.45	7.55
	8.2	Increase mulberry plantation and acres	lakh	3.50	5.50	6.00	6.50	7.00	7.00	7.25	7.50	7.75	8.00	8.25	8.50	8.75	8.90	9.00	9.25
	8.2	Increase Silk worm egg and production distribution	lakh	3.60	4.00	4.50	5.00	5.50	5.75	6.00	6.25	6.50	7.75	8.00	8.25	8.50	8.75	9.00	9.25
	8.2	Increase Silk cocoon production	MT	130	160	180	200	220	230	240	250	260	270	280	290	300	310	320	370
	8.2	Increase Raw silk production	MT	10.85	13.33	15.00	16.67	18.33	19.17	20.00	20.83	21.67	22.50	23.33	24.17	25.00	25.83	26.67	30.80
13. Climate	13.3	Building awareness on degradation of environment through mulberry plantation	lakh	3.50	5.50	6.00	6.50	7.00	7.00	7.25	7.50	7.75	8.00	8.25	8.50	8.75	8.90	9.00	9.25
16. Institutions	16.6	Infrastructure development (organogram) Rules & Regulation	-	-	To be approved	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-
	16.6	Manpower recruit	person	-	-	100	100	100	-	-	-	-	-	-	-	-	-	-	-
	16.6	Skill Development (Office Staff) through training	person	25	60	70	70	70	60	60	60	55	55	50	50	45	45	45	45
17. Sustainability	17.1	Generate tax and Non tax revenue	lakh taka	15.65	30.73	35.50	38.50	40.30	40.80	41.50	42.30	43.50	43.80	44.80	45.20	45.90	46.50	47.30	48.50

### ৩) প্রকৌশল শাখাঃ

#### নির্বাহী প্রকৌশলী এ শাখার প্রধান; কার্যাবলী নিম্নরূপঃ

১. রেশম উন্নয়ন বোর্ড এবং আওতাধীন প্রকল্পসমূহের যাবতীয় নির্মাণ, মেরামতি এবং রক্ষণাবেক্ষণ কাজের জন্য যাবতীয় নকশা এবং ব্যয় প্রাক্কলন প্রণয়ন করা ;
২. এ সকল কাজের জন্য টেন্ডার আহ্বান, টেন্ডার চূড়ান্তকরণ, কার্যাদেশ প্রদান ও যাবতীয় কাজের তদারকি এবং এ সংক্রান্ত যাবতীয় বিল প্রক্রিয়াকরণ ;
৩. বৈজ্ঞানিক ও কারিগরী যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় কাজকর্ম সম্পাদন করা;
৪. এ ছাড়া কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য নির্দেশ পালন করা ।

#### ২০১৮-১৯ অর্থ বছরে গুরুত্বপূর্ণ অবকাঠামোগুলো নিম্নরূপঃ

- ১) বোর্ড প্রধান কার্যালয়ের সীমানা প্রাচীর ও মিনি কনফারেন্স কক্ষের রি-মডেলিং, ফ্রন্ড ডেক্স তৈরি করণ, প্রধান ফটকের কলাপসিবল গেট পূর্ণ স্থাপন এবং অন্যান্য কাজসহ ভিআইপি রেষ্ট হাউসের মেরামত কাজ
- ২) রাজশাহী রেশম কারখানার মেশিন মেরামতঃ (ক) প্লেন ট্যাপেট লুম-৯টি (খ) ডবিযুক্ত লুম-৪টি (গ) টুইস্টিং মেশিন-১টি (ঘ) ডাবলিং মেশিন- ১টি (ঙ) ববিন ওয়াইন্ডিং মেশিন-১টি (চ) পার্ণ উইন্ডিং মেশিন-১টি (ছ) ববিন উইন্ডিং এবং রিউইন্ডিং- ২টি (জ) স্ক্রিন প্রিন্টিং টেবিল-১টি।
- ৩) ইলেকট্রিক কোকন ডায়ার মেশিন সরবরাহ ও সংস্থাপন কাজ- ২টি ।
- ৪) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মিনি কনফারেন্স কক্ষের জন্য মিনি কনফারেন্স টেবিল তৈরি/সরবরাহ ও সংস্থাপন কাজ।

### (গ) সম্প্রসারণ ও প্রেষণা বিভাগঃ

#### বোর্ডের সদস্য (সম্প্রসারণ ও প্রেষণা) এ বিভাগের প্রধান এবং তাঁর নিয়ন্ত্রনে এ বিভাগটির নিয়োক্ত কর্মকান্ড পরিচালিত হয়ঃ

১. দেশে রেশম চাষ সম্প্রসারণের জন্য বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন, তদারকি ও দিক নির্দেশনা প্রদান;
  ২. সম্প্রসারণ কার্যাবলীকে সুষ্ঠুভাবে ত্বরান্বিত করার জন্য রেশম চাষীদের কারিগরী ও উপকরণ সহায়তা প্রদান কল্পে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ;
  ৩. রেশম চাষের বিভিন্ন পর্যায়ের রেশম চাষী, এনজিও এবং মাঠ পর্যায়ে প্রশিক্ষণ প্রদান কল্পে ব্যবস্থা গ্রহণ ;
  ৪. উন্নত জাতের তুঁত গাছ এবং রোগমুক্ত রেশম পোকার ডিম উৎপাদন ও সরবরাহের যাবতীয় দিক নির্দেশনা প্রদান ও নিয়ন্ত্রণ করা;
  ৫. রেশম শিল্পের সংগে সম্পৃক্ত বিভিন্ন এনজিও ও অন্যান্য প্রতিষ্ঠানের সংগে যোগাযোগ রক্ষা করতঃ রেশম সম্প্রসারণ কাজ ত্বরান্বিত করা ;
  ৬. রেশম গুটির বাজারজাতকরণে প্রয়োজনীয় সহায়তা প্রদান ;
  ৭. মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয় পরিদর্শন এবং সমস্যা সমাধানের ব্যবস্থা নেয়া ;
  ৮. বিভিন্ন রিজিওন ও জোন থেকে প্রাপ্ত তথ্য সমূহের পরিসংখ্যান প্রস্তুত করতঃ বোর্ডের পরিকল্পনা বিভাগের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা ;
- এ ছাড়াও বিভাগটির আওতায় দেশব্যাপি রেশম উন্নয়নের জন্য সম্প্রসারণ কার্যক্রম পরিচালনার জন্য ৫ টি আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ৭ টি জেলা রেশম সম্প্রসারণ কার্যালয়, ১০ টি রেশম বীজাগার, ১টি পি-৩ স্টেশন(জাত সংরক্ষণ), ২টি গ্রেনেজ (বীজ কাটাই ও প্রক্রিয়াকরণ), ৭ টি মিনিফার্ম, ৪১ টি উপজেলা রেশম সম্প্রসারণ কার্যালয়, ১৬৪ টি রেশম সম্প্রসারণ পরিদর্শকের কার্যালয় এবং ২৭ টি চাকী পলু পালন কেন্দ্র রয়েছে ।

#### সেমিনার/ওয়ার্কসপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কসপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কসপে অংশ গ্রহণকারীদের সংখ্যা
৫টি	৬৯৫ জন

আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় এর ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনঃ

ক) উপ পরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহীঃ

ক্রঃনং	বিবরণ	তথ্যাদি
১।	কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা	আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহীতে অবস্থিত। ৩টি বীজাগার, ৫টি রেশম সম্প্রসারণ কেন্দ্র, ২৮টি রেশম সম্প্রসারণ উপকেন্দ্র ও ১টি মিনিফিলেচার কেন্দ্রের সমন্বয়ে পরিচালিত। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠির আর্থ সামাজিক উন্নয়নে রেশম চাষ করে দেশকে রেশমে সমৃদ্ধশালীকরণসহ স্বনির্ভরতা অর্জন ও বেকার সমস্যার সমাধান করার লক্ষ্যে এ কার্যালয় কাজ করে চলেছে।
২।	আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য	রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় এর অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছেঃ ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র, ৫টি (পবা, পুঠিয়া, বাঘা, নাটোর ও নওগাঁ)। খ) রেশম সম্প্রসারণ উপকেন্দ্র -২৮টি (পবা সদর, পারিলা, মোহনপুর, দেলুয়াবাড়ী, বাঁধাইড়, পুঠিয়া সদর, বাঁশবাড়িয়া, তাহেরপুর, দুর্গাপুর, নাটোর সদর, সোনাপাতিলা, একডালা, হবিবপুর, তমালতলা, কৈডিমা, বড়াইগ্রাম, বাঘা সদর, সাতারী, রায়পুরবাকড়া, পাকুড়িয়া, হলিদাগাছী, মীরগঞ্জ, আড়ানী, লালপুর, নওগাঁ সদর,সতীহাট, মহাদেবপুর ও বদলগাছী)। গ) বীজাগার- ৩টি ( চাঁপাইনবাবগঞ্জ, মীরগঞ্জ ও পি-৩ কেন্দ্র, রাজশাহী) ও ১টি মিনিফিলেচার কেন্দ্র, মীরগঞ্জ।
৩।	তুঁতচারা উৎপাদন ও বিতরণ	৯০,০০০ টি বড়চারা, ৩০,০০০ টি ছোট চারা সর্বমোট -১,২০,০০০ টি।
৪।	ডিম উৎপাদন ও বিতরণ	১,৫৯,৫০০ টি।
৫।	আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম	আইডিয়াল রেশম পল্লী - ৩টি। মৈনম, গোবিন্দপুর ও শালগ্রাম। প্রতি পল্লীতে ৭৫ টি করে ৩ পল্লীতে ২২৫ টি পলুঘর প্রদান করা হয়েছে।
৬।	তুঁতরুক স্থাপন সংক্রান্ত কার্যক্রম	বিভিন্ন বছরের ৬৩ টি রুক রয়েছে।
৭।	রেশম গুটি উৎপাদন	বীজাগারে ৩৭৫৫.৪৮০ কেজি এবং সম্প্রসারণে ২৫,৮৫৭ কেজি। মোট ২৯৬১২.৪৮০ কেজি।
৮।	রেশম সুতার উৎপাদন (ডুপিয়ন ও ফাইন)	সুতা উৎপাদন (ফাইন- ১৮১.৫০ কেজি, ডুপিয়ন সুতা- ১০১.০০ কেজি) ।
৯।	বাজেট (রাজস্ব ও উন্নয়ন)	রাজস্ব ৩৪৫.২০ লক্ষ টাকা, উন্নয়ন ১০৩.০২ লক্ষ টাকা।
১০।	মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ	৩২,২৬৬ টি উৎপাদনশীল তুঁতগাছ। মাঠ পর্যায়ে বি এম- ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ জাতের উচ্চ উৎপাদনশীল তুঁত গাছের জাত রয়েছে। থাই-১, বিএম ১০ এবং বিএম-১১ জাতের তুঁতচারা আগামীতে চাষীদের দেওয়ার পরিকল্পনা রয়েছে। সম্প্রসারণ এলাকায় বিবি-২ জাতের সাথে বিএন(এম) জাতের ক্রস করে এফ-১ জাতের ডিম বসনীদেব মাঝে দেওয়া হচ্ছে। এসজি মিম ৬/৩ জাতের সাথে বিএন (এম) জাতের ক্রস করে এফ-১ জাতের ডিমও বসনীদেব দেওয়া হচ্ছে।
১১।	মোটভেশন কার্যক্রম	২৮টি রেশম সম্প্রসারণ উপকেন্দ্রের আওতায় নিবিড় তদারকীর মাধ্যমে রেশম চাষ সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে।
১২।	প্রশিক্ষণ	১) তুঁতচারা রোপণ ও পরিচর্যা প্রশিক্ষণ- ৫০ জন ২) পলুপালন প্রশিক্ষণ-২৫ জন ৩। কোকুন রিলিং প্রশিক্ষণ- ১০ জন।
১৩।	রেশম চাষ সম্প্রসারণ বেসরকারী সংস্থার রেশম চাষের সম্পৃক্ততা	বাঘা রেশম সম্প্রসারণ এলাকায় সচেতন নামক একটি সংস্থা রেশম চাষ কার্যক্রমের সংগে জড়িত।
১৪।	রেশম চাষীর সংখ্যা	৬৯৫ জন।
১৫।	বসনীর সংখ্যা	২৪৭ জন।
১৬।	তুঁত চারা রোপণ সহায়তা	সম্প্রসারণ- ৫২,৬৯২/- টাকা। আইডিয়াল পল্লীতে- ২,০১,৯২৬/- সর্বমোট- ২,৫৪,৬১৮/- টাকা।



১৭।	পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা	বসনিদের ৫০টি পলুঘর তৈরি বাবদ- ২০,০০,০০০/- টাকা প্রদান করা হয়েছে এবং ডালা, চন্দ্রকী ও জাল সরবরাহ দেওয়া হয়েছে টাকা – ৫,০০,০০০/- ।
১৮।	আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভুক্তিকরণ	২৪১ জন সদস্যদের রেশম চাষে অর্ন্তভুক্তিকরণ করা হয়েছে।
১৯।	কর্মসংস্থান সৃষ্টি	১০,৫০০ জন।
২০।	চরকায় স্পান সুতা উৎপাদন কার্যক্রম সম্পন্ন	চরকায় স্পান সুতা উৎপাদন কার্যক্রম- নাই।
২১।	রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম	৩টি। ২৪৯-০৩-০ বিঘা। মূল কার্যক্রমঃ ৪টি বাণিজ্যিক বন্দে রেশম চাষীদের রোগমুক্ত ডিম সরবরাহ দেওয়ার লক্ষ্যে পি-২ ও পি-১ পর্যায়ে ডিম পালন করা হয়। পি-৩ কেন্দ্রে মাতৃজাত সংরক্ষণ করা হয়।
২২।	রেশম কীটের জাত সংরক্ষণ	পি-৩ কেন্দ্রে ১১ টি মাতৃজাত সংরক্ষণ করা হচ্ছে।

খ) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুরঃ

ক্রঃনং	বিবরণ	তথ্যাদি
১।	কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা	অত্র রংপুর রিজিয়ন সৃষ্টির পূর্বে বগুড়া জোনের আওতায় সহকারী পরিচালক এর নিয়ন্ত্রনাধীন ছিল। বৃহত্তর রংপুর জেলায় রেশম চাষ বৃদ্ধির ফলে ১৯৮৩ সালে রংপুর রিজিয়নের সৃষ্টি হয়। রংপুর রিজিয়নের আওতায় বগুড়া ও ঠাকুরগাঁও জোন। অত্র রিজিয়নের সম্প্রসারণ কর্মকান্ডের ব্যাপকতায় উৎপাদিত গুটি দ্বারা ঠাকুরগাঁও ও রাজশাহী রেশম কারখানার অনেকাংশে কাঁচামাল হিসেবে রেশম গুটি সরবরাহ দেয়া হতো।
২।	আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য	রংপুর আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় এর অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছেঃ ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র- ৪টি (রংপুর সদর, বড়বাড়ী, সৈয়দপুর ও নাগেশ্বরী)। খ) রেশম সম্প্রসারণ উপকেন্দ্র- ১২টি (রংপুর সদর, সুন্দরগঞ্জ, পলাশবাড়ী, বড়বাড়ী, আইডুখামার, তারাগঞ্জ, পঞ্চগ্রাম, ছিনাই, সৈয়দপুর সদর, দারোয়ানী, রায়গঞ্জ ও বড়ভিটা) গ) বীজাগার- ১টি, চাকী পলুপালন সেন্টার- ২টি ও মিনিফিলেচার কেন্দ্র- ১টি।
৩।	তুঁতচার উৎপাদন ও বিতরণ	তুঁতচার উৎপাদন ও বিতরণ ৫০,৪০০ টি।
৪।	ডিম উৎপাদন ও বিতরণ	৫৫,২০০ টি।
৫।	আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম	৫ টি
৬।	তুঁতরন্ধক স্থাপন সংক্রান্ত কার্যক্রম	৮৯টি তুঁতরন্ধকে কার্যক্রম চলছে।
৭।	রেশম গুটি উৎপাদন	১৯৩১৭.০০ কেজি।
৮।	রেশম সুতার উৎপাদন (ডুপিয়ন ও ফাইন)	সুতা উৎপাদন ১৭.২৫০ কেজি।
৯।	বাজেট (রাজস্ব ও উন্নয়ন)	রাজস্ব ১৪৮.০৬ লক্ষ, উন্নয়ন ১২৬.৭৭৫ লক্ষ টাকা।
১০।	মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ	তুঁত জাতঃ বিএম-১০ ও বিএম-১১।
